মেহেরপুরে মাদক বিরোধী অভিযানে ৫ মাদকসেবী আটক

মেহেরপুর সদর থানা পুলিশের নিয়মিত অভিযানে ৫ মাদকসেবী আটক হয়েছেন।

আটকরা হলেন, মেহেরপুর সদর উপজেলার শোলমারী পূর্বপাড়া এলাকার ফকির আলীর ছেলে কুতুব উদ্দীন (৩৫), মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার নবিছদ্দীনের ছেলে আব্দুস সালাম (৩৮), কেশবপাড়ার সামসুল হকের ছেলে সোলাইমান (২৭), একইপাড়ার মজিবর রহমানের ছেলে জিয়ারুল ইসলাম (৩৬) ও নতুন মাঠপাড়ার নাজির হোসেনের ছেলে রবিউল ইসলাম (৩৭)।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুর রহমানের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার সন্ধ্যা থেকে রাত ৮ টা পর্যন্ত অভিযান চালিয়ে এসব মাতক সেবিদের আটক করেন।

ওসি সাইফুর রহমান বলেন, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ ও মাদক সেবিদের আইনের আশ্রয় নিতেই এই ধরনের অভিযান শুরু করা হয়েছে। আমরা মাদকের ব্যাপারে জিরো টলারেন্স থাকতে চাই। একজন মাদক সেবিকেও শহরে বসবাস করতে দেওয়া হবেনা। তিনি বলেন, আটক মাদকসেবিদের ডোপ টেস্ট করানোর পর আইনগত ব্যবস্থা।

আজ মঙ্গলবার আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরের প্রফেসর আব্দুল মান্নানের গণসংযোগ অব্যহত

বীর মুক্তিযোদ্ধা সাবেক সাংসদ প্রফেসর আবদুল মান্নান বিভিন্ন গ্রামে গনোসংযোগ অব্যহত রেখেছেন।

গতকাল সোমবার বিকালে সদর উপজেলার কালিগাংনী, শ্যামপুর, মদনাসহ

বিভিন্ন গ্রামে গণসংযোগ করেন। এসময় প্রবীণ আওয়ামীলীগ নেতা আব্দুল মান্নান, হাজী ইয়াকুব আলী, মঈন উদ্দীন মিন্টু আলাউদ্দীন আহামেদ, হাজী ইমরান হোসেনের সাথে সাক্ষাৎ করেন।

গণসংযোগ কালে জেলা ছাত্রলীগ সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক খালেদুজ্জামান খান ডালিম, মির্জা গালিব উজ্জ্বল, রাশেদুজ্জামান সুজন, আবু তালহা বিন হাবিব জুয়েল, মোঃ সেলিম রেজা, সাজেদুর রহমান সাজু, নয়ন আহামেদ, ইকবাল হোসেন, শেখ কায়সার হামিদ বুলবুল, রবিউল ইসলাম, আতিকুর রহমান টিপু, জিয়া, সুমন আহমেদ, মিরাজুল ইসলাম প্রমুখ অংশ নেন।

মেহেরপুর আমঝুপিতে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে শেয়ারিং সভা

সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে প্রান্তিক নারী জনসমবায় দলের সদস্য ও দলনেত্রীদের লিংকেজ শেয়ারিং সভা গতকাল সোমবার সকাল ১০টার দিকে মউক এর হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

এএলআরডি’র সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত শেয়ারিং সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রাণী সম্পদ অফিসার ডাঃ মোঃ সাইদুর রহমান।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ আলমগীর হোসেন।

সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রকল্পের এনিমেটর মোঃ শাহিনুর হোসেন।

প্রান্তিক জনগোষ্ঠীর বসত বাড়ীতে ফলমূল ও শাক সবজী চাষে, হাঁস

মুরগী ও গবাদীপশু পালন বিষয়ে বিস্তারিত আলোচনায় স্থান পায়। এলাকার ১২টি জনসমবায় দলের ৩২জন দলনেত্রী ও সদস্য উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী মোঃ সাদ আহাম্মদ।

গাংনীর গাড়াবাড়ীয়াতে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত

গাংনীর গাড়াবাড়িয়াতে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার কাথুলী ইউনিয়নের কুতুবপুর স্কুল এন্ড কলেজ মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় একদিকে অংশগ্রহণ করেছেন শাপলা ফুটবল একাদশ অপরদিকে অংশগ্রহণ করেছেন সূর্যোদয় ফুটবল একাদশ।

এই খেলাই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১ নং কথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ক্রীড়া শিক্ষক ইমদাদুল হক, জয়নুল আবেদীন, ইয়ারুল ইসলাম,সহ বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ।

এই খেলাটি রেফারির দায়িত্ব পালন করেন জিনারুল ইসলাম ইউপি সদস্য, সহকারি রেফারির দায়িত্ব পালন করেন মাসুদ পারভেজ এবং রাজা।

৭০ মিনিট খেলায় উভয় পক্ষ কোন গোল না করতে পারায় ট্রাইবেকার করে।ট্রাইবেকারেও উভয় দল সমতা থাকায় পুনরায় ট্রাইবেকার করে ১-০ গোলে সূর্যদ্বয় ফুটবল একাদশ কে হারিয়ে শাপলা ফুটবল একাদশ বিজয় লাভ করেন।

মেহেরপুরে পুলিশের মাস্টার প্যারেড অনুষ্ঠিত

মেহেরপুর জেলা পুলিশের মাস্টার প্যারেড পুলিশ লাইনে অনুষ্ঠিত হয়েছে। জেলা পুলিশের পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অভিবাদন গ্রহণ ও প্যারেড পরিদর্শন করেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ কামরুল আহসান ও অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেনসহ জেলা পুলিশের কর্মকর্তাবৃন্দ উপস্থিতি ছিলেন।

অত্র জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সের অংশগ্রহণে অনুষ্ঠিত উক্ত মাস্টার প্যারেডে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপিএম-সেবা সকল পর্যায়ের অফিসার ও ফোর্সদের বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

মেহেরপুর সরকারি কলেজ শিক্ষক পরিষদ গঠন

মেহেরপুর সরকারি কলেজ শিক্ষক পরিষদের (স্টাফ কাউন্সিলের সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান আবদুল্লাহ আল আমিন-কে সাধারণ সম্পাদক হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে।

এছাড়া ইংরেজি বিভাগের প্রভাষক মিলন মন্ডলকে সহ-সম্পাদক এবং রসায়ন বিভাগের প্রভাষক নাহিদ রেজা কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন ।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ও শিক্ষক পরিষদের সভাপতি প্রফেসর মো.শফিউল ইসলাম সরদার নতুন ও বিদায়ী কার্যনির্বাহী কমিটিসহ উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।

মেহেরপুরের হিতিমপাড়ায় ভৈরব নদের মাটি বিক্রির অভিযোগ

মেহেরপুর সদরের কুতুবপুর ইউনিয়নের হিতিমপাড়া গ্রামে ভৈরব নদের পাড় থেকে মাটি কেটে বিক্রি করছে একটি প্রভাবশালী মহল। প্রতিদিন সকাল থেকে রাত পর্যন্ত মাটি কেটে ট্রাকে করে অন্যত্র নিয়ে গেলেও যেন দেখার কেউ নেই।

সরেজমিনে দেখা গেছে, হিতিমপাড়া গ্রামের ভৈরব নদের পাড়ে স্কেভেটর দিয়ে মাটি কাটা হচ্ছে। সেই মাটি ট্রাক্টরে তুলে নিয়ে যাওয়া হচ্ছে। এলাকাবাসীর অভিযোগ কালু মিয়া নামের একজন ব্যক্তি দীর্ঘদিন ধরে নদের পাড় কেটে মাটি বিক্রয় করছেন। হিতিমপাড়া এলাকার কয়েক কিলোমিটার নদীর পাড় সকাল থেকে রাত পর্যন্ত কেটে সাবাড় করে চলেছে। দিনরাত মাটির ট্রাক্টর চলাচল করায় আশপাশের পাকা রাস্তা, ইটের সলিংসহ কাচা রাস্তাগুলো চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। সাধারণ মানুষ বিশেষ করে স্কুল কলেজগামী ছাত্র-ছাত্রীরা ধুলাবালির কারণে ঠিকমতো চলাফেরা করতে পারছে না।

নাম প্রকাশে অনিচ্ছুক ব্যাক্তি জানান এখানে মাটি কেটে গাড়ি প্রতি ১৫০০ -১৭০০ টাকা করে বিক্রি করছেন। প্রতিদিন শতাধিক গাড়ি মাটি তুলছেন ওই চক্রটি।

এদিকে, মাটির ট্রাক্টর রাস্তাগুলো ভেঙ্গে গেলেও সাধারণ মানুষ প্রতিবাদ তো দূরের কথা মুখ পর্যন্ত খুলতে সাহস পায়নি।

সম্প্রতি পানি উন্নয়ন বোর্ডের দীর্ঘদিনের প্রচেষ্টায় লক্ষ লক্ষ টাকা খরচ করে ভৈরব নদ খনন করা হয়। এলাকার ভৈরব নদের পাড় রাস্তা আকারে সৌন্দর্য বর্ধনের কাজ সম্পন্ন করে। কিন্তু প্রশাসনের অনুমতি ছাড়া ওই এলাকা থেকে মাটি কেটে বিক্রি করে দিচ্ছে প্রভাবশালী চক্রটি।

এদিকে অবাধে মাটি বিক্রির ফলে ফসলি জমির পাড় কেটেও নিচ্ছে এই চক্রটি। মাটি কাটার ফলে স্বপ্ন পুড়ছে অসহায় গরীব কৃষকের।

এ বিষয় রফিকুল ইসলাম নামের এক ব্যক্তি জানান এখানে যে ভাবে মাটি কাটা হচ্ছে এভাবে কাটলে আমাদের আবাদি জমি গুলো বৃষ্টিতে ধসে বিলিন হতে পারে।। আমরা মূর্খ মানুষ এ ব্যাপারে জানিনা তবে এটি বন্ধ হওয়া দরকার। সরকারী মাটি কেটেই লক্ষ লক্ষ টাকার মাটি বিক্রি করে চলেছেন।

এ ব্যাপারে হামিদুল ইসলাম জানান এই মাটি কাটার কারনে আমাদের চাঁদপুর হিতিমপাড়া রামদাসপুর যাওয়ার পিচ রাস্তা একটু বৃষ্টি হলেই চলা চলের অযোগ্য হয়ে পড়ছে। সড়ক দুর্ঘটনা আশংকা করছে এলাকাবাসি।

এ বিষয়ে মোঃ কালু মিয়া জানান এখানে যখন আমরা মাটি কাটছি তখন সরকারি অনুমতি নিয়েই কাটছি। আমাদের অনুমতি আছে এ মাটি কাটার। তবে সাংবাদিকদের সাথেও এ বিষয়ে কথা হয়। আর এই দিক দিয়ে ওয়াকওয়ে রাস্তার কাজ হবে এই রাস্তা নির্মানের জন্যা মাটি সরানোর কাজ করছি। কারোর কোন ক্ষতি করে মাটি কাটছিনা। তবে এ ব্যাপারে লিখিত ডকুমেন্ট দেখতে চাইলে বাড়িতে আছে বলে জানান।

সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজিব হাসান বলেন, আমি একটি অভিযোগ পাওয়ার পর তারা একটা কাগজ এনে আমাকে দেখিয়েছেন। আমি আগামীকাল তাদের ওই কাগজ এডিএমকে দেখানোর জন্য বলেছি। মাটি কাটা আজ থেকে বন্ধ রয়েছে। আগামীকাল (মঙ্গলবার) বসে এই বিষয়ে স্বীদ্ধান্ত হবে।

গাংনীতে প্রকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে ঢেউটিন বিতরণ

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের বিশেষ বরাদ্দের ঢেউটিন প্রকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ ও অসহায় মানুষের মাঝে ঢেউটিন বিতরণ করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে এই ঢেউটিন বিতরণ করা হয়।

গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তির সভাপতিত্বে অনুষ্ঠিত ঢেউটিন বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন চলতি অর্থ বছরে দূর্যোগ মন্ত্রণালয় থেকে বিশেষ বরাদ্দে ২০০ বান্ডিল ঢেউটিন পান। এর আগে ২৭ বান বিতরণ করা হয়েছে। বাকি ১৭৬ বান ঢেউটিন আজ সোমবার বিতরণ করা হয়। এসময় তাদের হাতে ৩ হাজার টাকার চেকও তুলে দেওয়া হয়

গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মতবিনিময় সভা

‘নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটি ও গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভার মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে মৎস্য সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) সকাল সাড়ে ১০ টার সময় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে গাংনী প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, জাতীয় সংদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী, পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম, গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন অফিসার আসাদুজ্জামান প্রমুখ।
মতবিনিময় সভার শুরুতে মৎস্য সপ্তাহের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে

শুভেচ্ছা বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য অফিসার খোন্দকার শহিদুর রহমান।

মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম বিষয়ে মতবিনিময় করা হয়। এসময় মৎস্য সপ্তাহের কর্মসূচি ঘোষনা করেন।
কর্মসূচির মধ্যে রয়েছে, মৎস্যচাষে উদ্বুদ্ধ করতে ব্যাপক প্রচার প্রচারণা, মাছের পোনা অবমুক্তকরণ, মাছ উৎপাদনে করণীয় বিষয় নিয়ে বক্তব্য উপস্থাপন করা হয়।
এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম , সাংবাদিক মাজেদুল হক মানিক প্রমুখ।

উপজেলা মৎস্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ সভায় গাংনী উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটির সদস্যবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্তসহ ১৫ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্তসহ ৬ জনসহ মোট ১৫ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ বছরের সাজাপ্রাপ্ত ৪ ও ৬ মাসের সাজাপ্রাপ্ত ১ জনসহ বিভিন্ন মামলায় ১০ জন আসামি, সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলা ৪ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১০ মাসের সাজাপ্রাপ্ত ১ জন আসামি রয়েছে।

গতকাল রবিবার দিবাগত রাতে আজ সোমবার (২৪ জুলাই) ভোররাত পর্যন্ত জেলার তিনটি থানার পৃথক টিম পৃথকভাবে অভিযান চালিয়ে এসব আসামি

গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসের নেতৃত্বে পুলিশের টিম গ্রেফতার অভিযানে অংশ নেন। সংশ্লিষ্ট থানা সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতদের আজ সোমবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।